অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

নং-২২.০২.০০০০.০০০.০০৭.১৮.০০১২.২৬- ৫৬৪

তারিখঃ ০৪ শ্রাবণ ১৪৩৩ / ১৯ জুলাই ২০২৬

বিষয়: সরকারের ১৮০ দিনের কর্মসূচি ও সরকারি চাকরি আইন, ২০১৮ অনুযায়ী আওতাধীন দপ্তর ও সংস্থায় কর্মরত ১-২০ গ্রেড এর সকল কর্মকর্তা/কর্মচারীর তথ্য দ্রুত GEMS-এ আপলোড করণ

সূত্র: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের গত ১৫.০৭.২০২৬ তারিখের ২২.০০.০০০০.০০০.০৩১.৯৯.০০০১.২২.৫২ নং পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জনানো যাচ্ছে যে, সরকারের ১৮০ দিনের কর্মসূচি ও সরকারি চাকরি আইন, ২০১৮ অনুযায়ী আওতাধীন দপ্তর ও সংস্থায় কর্মরত ১-২০ গ্রেড এর সকল কর্মকর্তা/কর্মচারীর তথ্য দ্রুত GEMS-এ অন্তর্ভুক্তি নিশ্চিতকরণের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। তৎপ্রেক্ষিতে গত ১৬.০৭.২০২৬ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় আগামী এক মাসের মধ্যে সকল কর্মকর্তা/কর্মচারীর তথ্য GEMS-এ অন্তর্ভুক্তি সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখ্য, সকল কর্মকর্তা/কর্মচারীর তথ্য সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (GEMS)-এ অন্তর্ভুক্ত করার বিষয়টি বেতন ভাতাদি প্রদান সংক্রান্ত সফটওয়্যার IBAS++ এর সাথে সম্পর্কিত রয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, নির্ধারিত সময়ের মধ্যে GEMS-এ তথ্য প্রদান করার জন্য পরিবেশ অধিদপ্তরের প্রশাসন শাখা কর্তৃক পরিবেশ অধিদপ্তরে কর্মরত ১-২০ গ্রেড পর্যন্ত সকল কর্মকর্তা/কর্মচারীর রেজিস্ট্রেশন লিংক প্রস্তুতপূর্বক সকলের মোবাইল/ই-মেইল এ প্রেরণ করা হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ-কে উক্ত রেজিস্ট্রেশন লিংকে প্রবেশ করে ব্যক্তিগত ও চাকরি বৃত্তান্ত সংক্রান্ত তথ্য পূরণপূর্বক সাবমিট অপশনে ক্লিক করে প্রশাসন শাখায় প্রেরণ ও অবগত করার জন্য নির্দেশক্রমে অনুরাধ করা হলো। এ বিষয়ে যেকোন সহযোগীতার জন্য সদর দপ্তরের সহকারী পরিচালক (প্রশাসন) জনাব সজীব কুমার ঘোষ এর সাথে যোগাযোগ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৯/০৭/২০২৫

মোঃ আবুল কালাম আজাদ
উপপরিচালক (প্রশাসন)
ফোনঃ ০২-২২৩৩৭৫০৩৪

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে
১. পরিবেশ অধিদপ্তর সকল কর্মকর্তা/কর্মচারী

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
১. সহকারী পরিচালক, মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের দপ্তর, পরিবেশ অধিদপ্তর (মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতরি জন্য)
২. অফিস কপি।

CamScanner